

## টমাস হবসের মতানুসারে প্রাকৃতিক আইন ও প্রাকৃতিক অধিকার

টমাস হবস তাঁর 'লেভিয়াথান' গ্রন্থে রাষ্ট্রের উৎপত্তি সংক্রান্ত 'সামাজিক চুক্তি' মতবাদে রাজ্যের মানুষের অবস্থা বর্ণনা করতে গিয়ে প্রাকৃতিক আইন ও প্রাকৃতিক অধিকারের তত্ত্ব বর্ণনা করেছেন। প্রাকৃতিক আইন ও প্রাকৃতিক অধিকার সম্বন্ধে টমাস হবসের মত হল—

[1] প্রাকৃতিক আইনের ভিত্তি: প্রাক্-সামাজিক যুগে, প্রাক্-রাষ্ট্রীয় যুগে মানুষ প্রকৃতি রাজ্যে বসবাস করত। হবসের মতে মানুষ প্রকৃতিগতভাবে স্বার্থপর, কলহপ্রিয়, লোভী, ধূর্ত, শঠ, নির্দয় ও আক্রমণমুখী। এই জন্য প্রাকৃতিক অবস্থায় যে যাকে পারত হত্যা করত, লুণ্ঠন করত, প্রত্যেকে ছিল প্রত্যেকের শত্রু। সবসময়ই সকলের সঙ্গে সকলের যুদ্ধ লেগে থাকত। এইরূপ প্রকৃতি রাজ্যে প্রাকৃতিক আইন ছিল 'জোর যার মুলুক তার'।

[2] প্রাকৃতিক আইনের প্রকৃতি: প্রাকৃতিক আইনের সৃষ্টিকর্তা, প্রয়োগকর্তা, নিয়ন্ত্রণকর্তা নেই। এই আইনের উৎস মানুষের প্রকৃতি। মানুষের সংঘাতপূর্ণ অনিশ্চিত জীবনকে নিয়ন্ত্রণ করত প্রাকৃতিক আইন। প্রাকৃতিক আইন হল আত্মরক্ষার নীতির উপর প্রতিষ্ঠিত নিয়মকানূনের সমষ্টি।

আত্মসংরক্ষণের জন্য মানুষের যে-কোনো কাজ করার স্বাধীনতা ছিল। যা আত্মসংরক্ষণের পক্ষে ক্ষতিকর কাজ তা সম্পাদন করা থেকে এই আইন মানুষকে বিরত করত। ফলে প্রকৃতি রাজ্যে প্রত্যেক মানুষ নিজ নিজ স্বার্থরক্ষার জন্য হানাহানি, কাটাকাটি, যুদ্ধ ও লুণ্ঠন করত। প্রাকৃতিক আইন ছিল সম্পূর্ণরূপে বন্য অরাজকতার আইন।

[4] প্রাকৃতিক অধিকারের স্বরূপ: হবসের মতে প্রাকৃতিক অধিকার হল আত্মসংরক্ষণের প্রয়োজনে ব্যক্তির যে-কোনো কাজের অর্থাৎ বিশ্বাসঘাতকতামূলক, নাশকতামূলক, ষড়যন্ত্রমূলক, অপহরণমূলক, হত্যামূলক কাজের স্বাধীনতা। নিজের ক্ষমতাবলে যে যতটুকু সুযোগসুবিধা ভোগ করতে পারত ততটুকুই ছিল তার প্রাকৃতিক অধিকার। এই অবস্থায় প্রত্যেকে প্রত্যেকের শত্রু ছিল। ফলে মানুষের জীবন ছিল নিঃসঙ্গ, কদর্য, পাশবিক ও ক্ষণস্থায়ী।

[5] প্রাকৃতিক আইন ও প্রাকৃতিক অধিকারের মধ্যে পার্থক্য: প্রাকৃতিক আইন ও প্রাকৃতিক অধিকার উভয়ই মানুষের আত্মসংরক্ষণের উপায় হলেও এদের মধ্যে মৌলিক পার্থক্য রয়েছে। প্রাকৃতিক আইন হল সংহতিমূলক উপায়। অপরপক্ষে, প্রাকৃতিক অধিকার সংহতিবিনাশী ধ্বংসমূলক উপায়। প্রাকৃতিক অধিকারের কারণে প্রকৃতি রাজ্যে মানুষের মধ্যে দ্বন্দ্ব, যুদ্ধ, হত্যা, লুণ্ঠন লেগেই থাকত। এই ভয়ের বাতাবরণে মানুষের জীবন হয়ে উঠেছিল অনিশ্চিত।

মূল্যায়ন: এইভাবে হবস রাষ্ট্র প্রতিষ্ঠার জন্য সামাজিক চুক্তির প্রয়োজনীয়তার কথা বলেছেন। এর ভিত্তি হিসেবে প্রকৃতি রাজ্যের সম্বন্ধ নির্ণয় করার কথাও তিনি বলেছেন। আর এই সম্বন্ধ নির্ণয়ের জন্য প্রাকৃতিক আইন ও প্রাকৃতিক অধিকারের স্বরূপ তিনি প্রকাশ করেছেন।